

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২, ইলম ও আলিমের মর্যাদা

بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ زِيَادِ بْنِ أَنْعُمَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِمَجْلِسَيْنِ فِي مَسْجِدِهِ فَقَالَ: «كِلَاهُمَا عَلَى خَيْرٍ، وَأَحَدُهُمَا أَفْضَلُ مِنْ صَاحِبِهِ. أَمَّا هَوُّلَاءِ هَوُّلَاءِ فَيَدْعُونَ اللَّهَ وَيَرْغَبُونَ إِلَيْهِ، فَإِنْ شَاءَ أَعْطَاهُمْ، وَإِنْ شَاءَ مَنَعَهُمْ، وَأَمَّا هَوُّلَاءِ فَيَتْعَلَّمُونَ اللَّهَ وَيَرْغَبُونَ إِلَيْهِ، فَإِنْ شَاءَ أَعْطَاهُمْ، وَإِنْ شَاءَ مَنَعَهُمْ، وَأَمَّا هَوُّلَاءِ فَيَتَعَلَّمُونَ الْجَاهِلَ، فَهُمْ أَفْضَلُ، وَإِنَّمَا بُعِثْتُ مُعَلِّمًا» قَالَ: ثُمَّ جَلَسَ فِيهِمْ

في إسناده ضعيفان: عبد الرحمن بن زياد وعبد الرحمن بن رافع

বাংলা

৩৬১. আব্দুল্লাহ ইবনু আমির রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর মসজিদে দু'টি মজলিসের পাশ দিয়ে গেলেন। তখন বললেন: "উভয়টিই কল্যাণের উপর রয়েছে। তবে একটির চেয়ে অন্যটির শ্রেষ্ঠত্ব রয়েছে। আর এরা (একদল লোক) আল্লাহর নিকট দু'আ করছে এবং তাঁর নিকটই (জানাতের) আশা পোষণ করছে। আর তিনি চাইলে তা তাদেরকে দেবেন আর যদি চান তবে তাদেরকে তা দেয়া থেকে বিরত থাকবেন। আর এরা (অপরদল) পরস্পর ফিকহ ও ইলম শিক্ষা করছে এবং জাহিলদেরকে শিক্ষা দিছে। সুতরাং এরাই শ্রেষ্ঠ। কেননা, আমি শিক্ষক হিসেবেই প্রেরিত হয়েছি।" তিনি (রাবী) বলেন: অতঃপর তিনি তাদের মাঝে বসে গেলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদে দু'জন যয়ীফ রাবী রয়েছে: ১. আব্দুর রহমান ইবনু যিয়াদ ও আব্দুর রহমান ইবনু রফি'।



তাখরীজ: ইবনুল মুবারক, আয যুহদ নং ১৩৮৯; তায়ালিসী ১/৩৬ নং ৮২; খতীব, ফকীহ ওয়াল মুতাফাককিহ ১/১০,১১; ইবনু মাজাহ, মুকাদ্দামাহ ২২৯, এ সনদে দাউদ মাতরুক রাবী ও দুজন যয়ীফ রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন